

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়  
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং-৩৬১

তারিখঃ ১৪.০৬.২০২২খ্রিঃ

বিষয়ঃ “পরিবেশ ও বন কমিটি” স্থায়ী কমিটির মে/জুন-২২ মাসের সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯.০৬.২২খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকায় বানিয়াচং উপজেলা পরিষদের “পরিবেশ ও বন কমিটি” স্থায়ী কমিটির মে/জুন-২২ মাসের সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ এনামুল হক)

উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

“পরিবেশ ও বন কমিটি” কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।

স্থায়ী কমিটি “পরিবেশ ও বন কমিটি” এর মে/জুন-২২ মাসের সভার কার্য বিবরণী

জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ : ১৯.০৬.২০২২খ্রিঃ

স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, বানিয়াচং।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	নাম	পদবী
১	জনাব মাসুদ কোরানি মন্সি, চেয়ারম্যান ৮ নং খাগাউড়া ইউ.পি	সদস্য
২	জনাব মোঃ ফরিদ উদ্দিন, চেয়ারম্যান ০৭ নং বড়ইউড়ি ইউ.পি	সদস্য
৩	জনাব মনজু কুমার, চেয়ারম্যান ৫ নং দৌলতপুর ইউ.পি	সদস্য
৪	জনাব মোঃ এনামুল হক, উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতঃপরঃ অত্র কমিটির সকল সদস্যদের সাথে আলোচনাক্রমে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। পরিবেশ দূষণমুক্ত রাখতে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ময়লা আবর্জনা ও আগাছা পরিষ্কার।	সভায় সভাপতি জানান যে, বানিয়াচং উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ সুরক্ষায় এবং ছাত্র ছাত্রীদের স্বাস্থ্য সুরক্ষায় নিয়মিত ময়লা আবর্জনা ও আগাছা পরিষ্কার রাখা প্রয়োজন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একমত পোষন করেন।	নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানের ময়লা আবর্জনা ও আগাছা পরিষ্কার রাখার শুল্ক প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।
০২। বিনা মূল্যে গাছের চারা বিতরণ।	সভায় সভাপতি জানান যে, বানিয়াচং উপজেলাকে একটি পরিবেশ বান্ধব উপজেলা হিসেবে গড়ে তুলতে বিনা মূল্যে গাছের চারা বিতরণ করা একান্ত প্রয়োজন। আগামী বৃক্ষ মেলায় যেন বেশি সংখ্যক গাছের চারা জনগণের মাঝে বিতরণ করা হয় সে বিষয়ে বিষয়ে তিনি আলোচনা করেন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একমত পোষন করেন।	বিনামূল্যে গাছের চারা বিতরণের শুল্ক প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফারুক আমীন)

সভাপতি

পরিবেশ ও বন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

বানিয়াচং, হবিগঞ্জ

স্মারক নং-৬৩৫

তারিখ : ১৯.০৬.২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

১। উপজেলা চেয়ারম্যান, বানিয়াচং উপজেলা পরিষদ, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।




৩। অফিস নথি।



উপজেলা কৃষি কর্মকর্তা

বানিয়াচং, হবিগঞ্জ।

## সভায় উপস্থিতির হাজিরা

ক্রমিক নং	নাম	স্বাক্ষর
১	জনাব মাসুদ কোরানি মল্লিক, চেয়ারম্যান ৮ নং খাগাউড়া ইউ.পি	
২	জনাব মোঃ ফরিদ উদ্দিন, চেয়ারম্যান ০৭ নং বড়ইউড়ি ইউ.পি	
৩	জনাব মনজু কুমার, চেয়ারম্যান ৫ নং দৌলতপুর ইউ.পি	
৪	জনাব মোঃ এনামুল হক, উপজেলা কৃষি কর্মকর্তা	